



গানের পাখি সাবিনা

অজয় দাশগুপ্ত

আমাদের যুগে যন্ত্র ছিলনা, হারমোনিয়াম সেতারে
জোড়া তবলায় সাধা কণ্ঠই ভেসে আসতো বেতারে ।
চ্যানেলে চ্যানেলে ছিলনা যুদ্ধ, বাঙ্গালী মধ্যবিত্ত
বিনোদন খুঁজে নিতে তার সম্বল ছিল কেবলি চলচ্চিত্র
ছিলনা লতা, আশা ভোসলে, আরতি কিংবা সন্ধ্যা
তাই বলে সুর থেমে থাকেনি জগত ছিলনা বন্ধ্যা
কি করে হবে, কিভাবে তা হবে আমরা কখনো ভাবিনাই
শূণ্য আকাশ ভরে তুলেছিল গানের পাখি সাবিনাই ।

অমিয় কণ্ঠে ধারণ কোরে কথা ও সুরের বাঁধুনিকে
তিনিই প্রথম নিয়ে চলে যান গীতিময় এক আধুনিকে
সেই থেকে শুরু, স্বাধীনতা এলো হাসি অশ্রুতে কেঁদে
বাংলা গানের মুক্ত পাখিকে সাবিনা আনলো বেঁধে
উদার কণ্ঠে গাইলেন তিনি জানালাটা খুলে দাওনা
খবরের আগে গীত হয় তা আর আছে কিছু পাওনা?
এভাবেই তিনি জড়িয়ে আছেন দেশ ও মাটির সঙ্গে
এমন শিল্পী এর আগে আর জন্মেনি এই বঙ্গে ।

কর্কট রোগে পাঞ্জা লড়ছে জীবনের সাথে সাবিনা
বাঙ্গালিরে তুই এমন আকাশ এ জীবনে আর পাবিনা
গানে ভরে দেয়া সুরের খেয়া ভাসিয়ে সে আজ একা
কাঁদছে হৃদয়, কাঁপছে কলম তাইতো এলিজি লেখা ।

dasguptaajoy@hotmail.com